

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
www.dgjute.gov.bd

স্মারক নং-২৪.০১.০০০০.০৪.০৭১.০০১(অংশ-৬).১৯- ১৩২

তারিখ: ২৭ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
৩১ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” বাস্তবায়নের লক্ষ্যে তফসিলভুক্ত পণ্যের উৎপাদনকারক, আমদানিকারক ও সরবরাহকারি প্রতিষ্ঠানের তালিকা হালনাগাদকরত: নিয়মিত মাসিক প্রতিবেদন প্রেরণ।

- সূত্র: ১। পাট অধিদপ্তরের স্মারক নং-২৪.০১.০০০০.০৪.০৭১.০০১(অংশ-৫).১৮-৭২ তারিখ: ২৫/০৩/২০১৯খ্রি:।
২। পাট অধিদপ্তরের স্মারক নং-২৪.০১.০০০০.০৪.০৭১.০০১(অংশ-৫).১৮-৯৪১ তারিখ: ২৫/০৯/২০১৮খ্রি:।
৩। পাট অধিদপ্তরের স্মারক নং-২৪.০১.০০০০.০৪.০৭১.০০১(অংশ-৪).১৭-৩০৮ তারিখ: ০৪/১২/২০১৭ খ্রি:।


উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারক পত্রসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” শতভাগ বাস্তবায়নের নিমিত্ত গত ০৫/০৯/২০১৯খ্রি: তারিখ অফিস আদেশ মাধ্যমে দেশের সকল জেলা/উপজেলায় সংশ্লিষ্ট অধিক্ষেত্র নির্ধারণপূর্বক কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব পূর্ণ:বন্টন করা হয়েছে। সূত্রোক্ত ১নং পত্র মাধ্যমে নিজ নিজ অধিক্ষেত্রের মধ্যে তফসিলভুক্ত পণ্যসমূহের (ধান, চাল, গম, ভুট্টা, সার, চিনি, মরিচ, হলুদ, পৈয়াজ, আদা, রসুন, ডাল, ধনিয়া, আলু, আটা, ময়দা, তুষ-খুদ-কুড়া, পোল্ট্রি ফিড ও ফিস ফিড) উৎপাদনকারক, আমদানিকারক ও সরবরাহকারি প্রতিষ্ঠানের তালিকা হালনাগাদ করত: বিধি মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্ত পাটের বস্তার ব্যবহার সংক্রান্ত মাসভিত্তিক তথ্যাদি প্রতিমাসের ০২ তারিখের মধ্যে বিনাব্যর্থতায় প্রধান কার্যালয়ে দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০২। উক্ত আইনের বিধিমালায় বর্ণিত তফসিলভুক্ত পণ্যসমূহের উৎপাদনকারক, আমদানিকারক ও সরবরাহকারি প্রতিষ্ঠানের নিকট হতে বিধি মোতাবেক পাটের বস্তার ব্যবহার সম্পর্কিত মাসভিত্তিক তথ্যাদি সংগ্রহপূর্বক এর প্রতিবেদন সহকারি পরিচালকের মাধ্যমে প্রধান কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা সত্ত্বেও বিধিমোতাবেক মাসভিত্তিক প্রতিবেদন মাঠ পর্যায় হতে প্রধান কার্যালয়ে পাওয়া যাচ্ছে না, যা অনভীপ্রেত। উল্লেখ্য, “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” শতভাগ বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন থাকায় প্রতিমাসে এর বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করতে হচ্ছে।

০৩। এমতাবস্থায়, “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” শতভাগ বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট অধিক্ষেত্রের মধ্যে সরেজমিন পরিদর্শনপূর্বক নিম্নোক্ত কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো:

- ৩.১ তফসিলভুক্ত পণ্যের উৎপাদনকারক, আমদানিকারক ও সরবরাহকারি প্রতিষ্ঠানের তালিকা ৩০/০৯/২০১৯ খ্রি: তারিখের মধ্যে হালনাগাদকরে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণ;
- ৩.২ বর্ণিত আইনের ধারা ৮, ৯, ১০, ১২, ও ১৩ এবং বিধিমালার ৪ ও ৭ নং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ;
- ৩.৩ পুন:বন্টনকৃত ভ্রাম্যমান আদালত পরিচালনার প্রমাপ অর্জন; এবং
- ৩.৪ বিধি মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্ত পাটের বস্তার ব্যবহার সংক্রান্ত মাসভিত্তিক তথ্যাদি প্রতিমাসের ০২ তারিখের মধ্যে বিনাব্যর্থতায় স্ব-স্ব অঞ্চলের সহকারি পরিচালকের মাধ্যমে হার্ড ও সফট কপি (e-mail: dgjute@gmail.com) আবশ্যিকভাবে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করা।

বিষয়টি অতীব জরুরি।


(মো: শামছুল আলম)
মহাপরিচালক
ফোন: ৯৫৬১৫৪৬।

বিতরণ:

- ১। সহকারি পরিচালক,------(সকল)।
- ২। পাট উন্নয়ন কর্মকর্তা,------(সকল)।
- ৩। মুখ্য পরিদর্শক,----- (সকল)।
- ৪। পরিদর্শক/পাট উন্নয়ন সহকারি,------(সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১ বিভাগীয় কমিশনার,----- (সকল)।
- ২ জেলা প্রশাসক,----- (সকল)।
- ৩ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪ সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫ উপজেলা নির্বাহী অফিসার,------(সকল)।
- ৬ সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ,------(সকল)।
- ৭ সহকারি প্রোগ্রামার, পাট অধিদপ্তর, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।